

## রাত্রি জানে

রাত্রি জানে আজ আমি একা সে জানে আর হবেনা দেখা রাত্রি জানে আজ আমার চোখে আঁধার সে জানে আজ আর নেইকো কোনও বাহার রাত্রি জানে আমি আজ শ্রান্ত সে জানে আমি কেন আমি ক্লান্ত রাত্রি জানে, চেনে এই নীরবতা সে জানে মনেতে কেন এত ব্যাথা রাত্রি জানে আমি ডাকি কারে সে জানে আমি যে চেয়েছি শুধু তারে রাত্রি জানে যে আজ আমি শুধুই স্মৃতি সে জানে আমি আজ ঝাপসা আকৃতি রাত্রি জানে আমি আজও কিসের জ্বালায় জ্বলি সে জানে আমি কেন নীরবে চোখের জল ফেলি রাত্রি জানে আজ আমি নিরুদ্দেশ সে জানে আজ আমার নীরবতা শেষ রাত্রি জানে আজ হয়ে যাবে সব শেষ ভোর হলেই থাকবেনা আর কোনও বিদ্বেষ

বৈশাখী মিত্র